রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ বি.এসসি. (সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, ২০২৪-২০২৫

**ইউনিট-C (গ্রুপ 1, 2 এবং Non-Science)**

# ৬ষ্ঠ নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের **১ম বর্ষ** বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে **৬ষ্ঠ নির্বাচন ও হালনাগাদ অপেক্ষমান তালিকা** প্রকাশ করা হল।

**নির্বাচিত ভর্তিচ্ছুদের** আগামী **২০-০৭-২০২৫ সকাল ১১:০০ থেকে দুপুর ১:০০টা এবং দুপুর ২:০০টা থেকে ৩:০০টার মধ্যে** নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য **কক্ষ নং ৪১২ (সেমিনার রুম), জীববিজ্ঞান অনুষদ, জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনে** উপস্থিত হতে হবে।

**নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগে ভর্তির সুযোগ থাকবে না।** শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে বর্তমানে আর কোনো আসন শূন্য নেই। ভর্তি চলাকালীন আসন শূন্য হলে এর জন্য পৃথক নোটিশ দেওয়া হবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:১৫ - বিকাল ৪:৪৫) জীববিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮-৮৬৪১৫৭)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য ড্যাশবোর্ডের কমপ্লেন বক্সে অভিযোগ / সমস্যা জানাতে হবে।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

২০-০৭-২০২৫ বিকাল ৪:০০টার পূর্ব পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (**Stop automigration**) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (**Opt-out**) করা যাবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

| তালিকা | প্রকাশের সম্ভাব্য তারিখ | ভর্তির সম্ভাব্য তারিখ |
|---|---|---|
| ৭ম নির্বাচন তালিকা | ২২ জুলাই ২০২৫ অপরাহ্ণ | ২৩ জুলাই, ২০২৫ |

উল্লেখ্য যে, **আগামী ২৪ জুলাই ২০২৫ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম শেষ হবে**। এই নোটিশের ভর্তির পর একেকটি গ্রুপে হাতে গোনা আসন খালি থাকবে। সেগুলো পূরণের জন্য **মেধাক্রমে ফোন করা হতে পারে**। এজন্য বিশেষ করে **যাদের ওয়েটিং পজিশন কাছাকাছি রয়েছে তাদেরকে নিজেদের ফোন সচল রাখার এবং ফোন করলে ধরে ভর্তি হতে আগ্রহী কিনা তা বলার জন্য প্রস্তুত থাকতে বলা হচ্ছে**।

**ভর্তি প্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:**

১. **ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩২৪.০০ টাকা (পাঁচ হাজার তিনশত চব্বিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি** http://admission.ru.ac.bd **থেকে জানা যাবে।]**
২. **পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।**
৩. অনলাইনে http://admission.ru.ac.bd-তে (১৯-০৭-২০২৫ অপরাহ্ণ থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
৪. সকাল ১১:০০টা থেকে দুপুর ১:০০টা এবং দুপুর ২:০০টা থেকে ৩:০০টার এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে ওপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
    - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত **[দুই কপি জমা দিতে হবে]**
    - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট **[জমা দিতে হবে]**
    - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র **[জমা দিতে হবে]**
    - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড **[দেখাতে হবে]**
    - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি **[জমা দিতে হবে]**
৫. কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভ্রান্তি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১৭ জুলাই ২০২৫**

(প্রফেসর ড. মো. গোলাম মোর্তুজা)
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
ও ডীন, জীববিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **5077** বা **Faculty of Biological Sciences, RU** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ছাত্র/ছাত্রীর ভর্তি পরীক্ষার রোল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অথবা বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।